# সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, আশুগঞ্জ এর ১৯তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ হানিফ মুন্সি<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | ঃ | ২৯/০৯/২০২১খ্রি. |
| সভার সময় | ঃ | দুপুর ১২:০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট- "ক" |

জনাব মোঃ হানিফ মুন্সি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ ও সভাপতি, উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি, আশুগঞ্জ উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জকে সভা পরিচালনার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী / আপত্তি না থাকায় তা অনুমোদন করা হয়। অতঃপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

<table>
<tr><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের নিয়মিত কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, আগস্ট/২০২১ মাসে বহিঃবিভাগে মোট-৫৯৯২জন, জরুরী বিভাগে ২৭৫ জন, আন্ত:বিভাগে-১৩৫জন, ইউনিয়ন সাব-সেন্টারে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা- ২০৬৪ জন, কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা- ৮৯৬৮জন, ১০ জন প্রসূতি মায়ের নরমাল ডেলিভারী সংখ্যা রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া ১৯২৮ জন শিশু ও ১০৯০ জন মহিলাকে টিকা দেয়াসহ ১৯২ জন মাকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে। চাহিদার তুলনায় তাঁর বিভাগের ডাক্তার কর্মচারী সংখ্যা কম থাকা সত্তেও করোনাকালীন সময়েও তাদের সাধ্যানুযায়ী জনগণকে চিকিৎসা সেবা দিয়ে যাচ্ছেন বলে সভাকে জানান। তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।</td><td>ডাক্তার ও কর্মচারীর সংখ্যা কম হলেও নিজেদের সাধ্যানুযায়ী জনগণকে সর্বোচ্চ চিকিৎসা সেবা নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।</td></tr>
<tr><td>০২. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তাঁর দপ্তরের কার্যক্রম সভায় পেশ করেন। তিনি জানান যে, আগস্ট/২০২১ মাসে তাঁর বিভাগের কার্যক্রম নিম্নরূপ :-
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th><th>জুলাই/২১হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>ক.)<br>১.</td><td>চিকিৎসা</td><td>(১) গবাদিপশু - ১১৩৮টি<br>(২) হাঁস-মুরগি- ১৪৪০০ টি</td><td>২২৯৭টি<br>১৪৮০০ টি</td></tr>
<tr><td>২.</td><td>টিকা প্রদান</td><td>(১) গবাদিপশু -২৫৪০ মাত্রা<br>(২) হাঁস-মুরগি- ৪০০ মাত্রা</td><td>৩২০০মাত্রা<br>৪০০মাত্রা</td></tr>
<tr><td>৩.</td><td>কৃত্রিম প্রজনন</td><td>৯৫০ টি</td><td>১৭৩০ টি</td></tr>
<tr><td>৪.</td><td>নতুন খামার স্থাপন</td><td>(১) গাভীর খামার স্থাপন ৩ টি<br>(২) হাঁস-মুরগির খামার স্থাপন ১টি</td><td>টি<br>টি</td></tr>
<tr><td>৫.</td><td>প্রশিক্ষণ</td><td>জন</td><td>জন</td></tr>
<tr><td>খ.)</td><td>রাজস্ব প্রাপ্তি</td><td>টিকাবীজ বিক্রি বাবদ ৫৩৪৫/-<br>খামার রেজিস্ট্রেশন বাবদ- /-<br>কৃত্রিম প্রজনন বাবদ ২৮৫০০/-</td><td>৭৩১৫/-<br><br>৫১৯০০/-</td></tr>
<tr><td></td><td>বিবিধ রাজস্ব প্রাপ্তি</td><td>ডরমেটরী ভাড়া-১৭০১/-</td><td>৩৩২১/-</td></tr>
</table>
এ ছাড়া তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে বলে সভাকে অবহিত করেন।</td><td>রোগবালাই প্রতিরোধে খামারীগণকে নিয়মিত চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পরামর্শ প্রদান করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>০৩. উপজেলা কৃষি বিভাগ।</td><td>ক) উপজেলা কৃষি অফিসার সভায়জানানযে, চলমান খরিপ-২ মৌসুমে আশুগঞ্জ উপজেলায় ৩৪১০.০০ হেক্টর জমিতে রোপা আমন ও ১০২.০০ হেক্টর জমিতে আগাম শীতকালীন সবজি আবাদ হয়েছে।<br>খ) রোপা আমন ফসলে ২০টি রাজস্ব বাজেট প্রদর্শনী, ৬টি ধান বীজ উৎপাদন ব্লক প্রদর্শনী, এবং ১০ জন কৃষককে নাবী পাট বীজ উৎপাদন প্রদর্শনী ও সার সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া কৃষকগণ যাতে উন্নত পদ্ধতিতে বীজ শুকানো ও সংরক্ষণ করে ভাল ফসল উৎপাদন করতে পারে তার জন্য ভবানীপুর কৃষক প্রদর্শনী গ্রুপে ১টি বীজ শুকানো মেশিন প্রদান করা হয়েছে।<br>গ) সঠিক পরিচর্যা ও আবহাওয়া অনুকূলে থাকায় ফসলের অবস্থা ভাল আছে। তাছাড়া বীজ, সার ও কীটনাশকের কোন ঘাটতি নেই মর্মে সভায় জানানো হয় ।তাছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাযক্রম সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানানো হয়।</td><td>(ক-গ) উক্ত রোপা আমন ফসল ও শাক সবজি আবাদ ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কৃষকগণের আর্থ সামাজিক উন্নয়ন হয় এবং প্রদর্শনীগুলো বাস্তবায়নের মাধ্যমে উন্নত প্রযুক্তি কৃষকদের মাঝে হস্তান্তর করার কাজে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ও কৃষি বিভাগ সর্বদা কৃষকের পাশে তৎপর থাকবে মর্মে সিদ্ধান্ত হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
</table>

<table>
<tr><td>০৪. উপজেলা প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,২০২১-২২ইং অর্থ বৎসরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) এর আওতায় ১ম কিস্তি বাবদ ১২,৬২,০০০/- ( বার লক্ষ বাষট্রি হাজার) টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থেদ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন মমে সভায় জানানো হয়। তাছাড়া "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় আশুগঞ্জ বাজার হতে তালশহর রাস্তা(ফিরোজ মিয়া কলেজ) পর্যন্ত স্ট্রীট লাইট সরবরাহ কাজের ৩১/১০/২০২১ইং তারিখ পর্যন্ত সময় বর্ধিত করনের জন্য ঠিকাদার আবেদন করেন। উন্নয়ন কাজ বাস্তবায়নের স্বার্থে তিনি ঠিকাদার আবেদন বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় জানান।তাছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাযক্রম সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানান।</td><td>আলোচনান্তেঠিকাদার আবে মোতাবেক স্ট্রীট লাইট সরব কাজের মেয়াদ আগামী ৩১/১০/২০২১ইং তারিখ সময় বর্ধিত করণের বিষয়টি স অনুমোদিত হয় এবং উন্নয়নমূ কাজের ধারা অব্যাহত রাখার জ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়</td></tr>
<tr><td>০৫. উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা সংরক্ষণে বিভিন্ন হাট-বাজার পরিদর্শন কাজ চলিতেছে। মেঘনা নদীতে অভিযান পরিচালনাসহ বিভিন্ন হাট-বাজারে অভিযান পরিচালনা করা হচ্ছে। তাছাড়া পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদানসহ অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাযক্রম সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানান।</td><td>বেড় জাল বা পাটি বাধ দি যেন মাছ ধরতে না পারে লক্ষ্যে নিয়মিত অভিযা পরিচালনা করতে হবে।</td></tr>
<tr><td>০৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা), গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর.), ১ম পর্যায়ের উপজেলা ও নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দ পাওয়া গিয়েছে। দুর্যোগ সহনীয় ৫৩টি ঘরের নির্মাণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তাছাড়া তাঁর বিভাগের অন্যান্য কাযক্রম সন্তোষজনক রয়েছে মর্মে সভায় জানান।</td><td>বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জনস্বা বিবেচনায় উন্নয়ন প্রকল্প গ্রহণ ও দুর্যোগ সহনীয় ঘরের নির্মানকাজ সন্তোষজনকভাবে সম্পন্ন করতে হবে।</td></tr>
<tr><td>০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগের আগস্ট/২০২১ মাসের মাসিক অগ্রগতির বিবরণ সভায় উপস্থাপন করেন। গর্ভকালীন পরিচর্চা ৩০৭জন, বিনামূল্যে ডেলিভারি সংখ্যা-১৩জন, গর্ভত্তোর সেবা ১৩৭জন, শিশু পরিচর্চা ৬৬৯জন, কিশোর কিশোরী ২৯৬জন, সাধারণ রোগী সেবা-২০৩৩জন, আইইউডি গ্রহণকারীর সংখ্যা-২৬জন, ইমপ্লান্ট গ্রহণ কারীর সংখ্যা ২০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-২২,১২৫জন, মোট সক্ষম দম্পতি ২৯,১১৭ জন। সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর হার ৭৫.৯৯%। এছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন।</td><td>পরিকল্পিত পরিবার গঠনে মাঠ পর্যায়ে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে। কাজে গতিশীলতা আনয়ন পূর্বক সেবার মান বৃদ্ধিতে দায়িত্ব পালনে আরো আন্তরিক হতে হবে।</td></tr>
<tr><td>৮. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)</td><td>জনাব মোঃ জামাল হোসেন, ইউডিএফ তাঁর বিভাগীয় কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলায় বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায় (২০২০-২০২১ অর্থবছর) উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য গত ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) সভায় নিম্নলিখিত ০২ (দুই) টি অবকাঠামো উপ-প্রকল্প এবং ০৬ (ছয়) টি সক্ষমতাবৃদ্ধি উপ-প্রকল্পসমূহ বাছাই করা হয়। তিনি নিম্নে উল্লেখিত উপ-প্রকল্পগুলো চূড়ান্তভাবে মনোনীত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।<br><br><u>১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায় (২০২০-২০২১ অর্থবছর) ০২ (দুই) টি অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাব:</u>
<table>
<tr><th>ক্র. নং</th><th>অবকাঠামো উপ-প্রকল্প নং</th><th>অবকাঠামো উপ-প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত খরচ (টাকায়) ভ্যাট ও আয়কর ব্যতীত</th></tr>
<tr><td>০২</td><td>ওযঋ-২০২০-২১-২০১২৩৩-০১</td><td>আশুগঞ্জ পুরাগুদাম হতে চরচারতলা ইউনিয়নের টেকপাড়া ব্রিজ এবং আশুগঞ্জ ফার্টিলাইজার পর্যন্ত দুইটি সড়কে মোট ১০৩ (একশত তিন) টি স্ট্রিট লাইট সরবরাহকরণ ও স্থাপন</td><td>৩০,০০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>ওযঋ-২০২০-২১-২০১২৩৩-০২</td><td>কোভিড-১৯ প্রতিরোধে আশুগঞ্জ উপজেলার ২০ (বিশ) টি প্রাথমিক বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিন নির্মাণ</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট: চল্লিশ লক্ষ টাকা মাত্র (ভ্যাট ও আয়কর ব্যতীত)</td><td>৪০,০০,০০০/-</td></tr>
</table></td><td>০২ (দুই) টি অবকাঠামো উপ-প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে চূড়ান্তভাবে মনোনীত করা হয় এবং উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td></tr>
</table>

২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায় (২০২০-২০২১ অর্থবছর) ০৬ (ছয়) টি সক্ষমতাবৃদ্ধি উপ-প্রকল্প প্রস্তাব:

| উপ-প্রকল্পের নম্বর | সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের নাম | কারিগরী তত্ত্বাবধায়ক | উপ-প্রকল্পের প্রাক্কলিত খরচ (ভ্যাট এবং কর ব্যতীত) |
|---|---|---|---|
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০১ | আশুগঞ্জ উপজেলায় নিরাপদ খাদ্য ও সেবা নিশ্চিত করার লক্ষ্যে খাবার হোটেল/ রেস্তোরা মালিক ও শ্রমিকদের সচেতনতাবৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | ১,২৫,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০২ | ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী | সহকারী কমিশনার (ভূমি) | ১,৫০,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০৩ | আত্মকর্মসংস্থান তৈরি ও বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে বেকার যুবকদের অটোমোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১,৬৫,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০৪ | অনগ্রসর নারীদের আত্মকর্মসংস্থান তৈরির লক্ষ্যে জুয়েলারী তৈরি (রেশমী সিল্ক, ক্রিস্টাল, চাইনিজ ক্লে) বিষয়ক সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি | উপজেলা তথ্যসেবা অফিসার | ১,৫৫,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০৫ | আশুগঞ্জ উপজেলায় মাধ্যমিক স্তরে শিক্ষকদের আইসিটি, মাল্টিমিডিয়া ক্লাসরুমের ব্যবহার পাঠদান পদ্ধতি বিষয়ক শিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচি | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১,৪০,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০৬ | আধুনিক ও উন্নত পদ্ধতিতে সাইট্রাস (মালতা, লেবু, কমলা) চাষ ও ব্যবস্থাপনা বিষয়ক কৃষকদের প্রশিক্ষণ কর্মসূচি | উপজেলা কৃষি অফিসার | ১,৩৫,০০০/- |
| ঈউ-২০২০-২১-০১২৩৩-০৭ | আশুগঞ্জ উপজেলায় বাল্য বিবাহ, যৌতুক ও মাদক নিমূলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাম্পেইন কর্মসূচি | উপজেলা সমবায় অফিসার | ১,৩০,০০০/- |
| মোট: দশ লক্ষ টাকা মাত্র (ভ্যাট এবং কর ব্যতীত) | | | ১০,০০,০০০/- |

০৭ (সাত) টি সক্ষমতাবৃদ্ধি উপ-প্রকল্পসমূহ সর্বসম্মাতক্রমে চূড়ান্তভাবে মনোনীত করা হল এবং উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। তিনি আরও জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলায় বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৩য় পর্যায় (২০১৮-১৯ অর্থবছর) নিম্নলিখিত অবকাঠামো উপ-প্রকল্প কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। তিনি নিম্নে উল্লেখিত উপ-প্রকল্পের ঠিকাদারের নীট বিল অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

| ক্র. নং | অবকাঠামো উপ-প্রকল্প নং | অবকাঠামো উপ-প্রকল্পের নাম | ঠিকাদারের নীট বিল (টাকায়) ভ্যাট ও আয়কর ব্যতীত |
|---|---|---|---|
| ০১ | ওঘঋ-২০১৮-১৯-২০১২৩৩-০২ | কোভিড-১৯ প্রতিরোধে আশুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২০ (বিশ) টি বেডে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহকরণ | ১৩,৯৮,০০০/- |
| সর্বমোট: তেরলক্ষ আঠানব্বই হাজার টাকা মাত্র (ভ্যাট ও আয়কর ব্যতীত) | | | ১৩,৯৮,০০০/- |

০২ (দুই) টি অবকাঠামো উপ-প্রকল্পসমূহের ঠিকাদারের নীট বিল সর্বসম্মতিক্রমে চূড়ান্তভাবে অনুমোদন করা হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়

| | | | |
|---|---|---|---|
| ০৯. উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তাঁর দপ্তরের আগষ্ট ২০২১ মাসের কার্যপত্র নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন। তিনি জানানযে, বিভাগীয় নির্দেশনা মোতাবেক রুটিন অনুযায়ী পাঠদানের জন্য শ্রেণিকার্যক্রম পরিচালিত হচ্ছে। ওয়ার্কসীট বিতরণ ও গুগল সিটে পাঠদান কাযক্রম চলমান রয়েছে।তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন অত্র উপজেলার ৪৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযথভাবে উদযাপিত হয়েছে মর্মে সভায় জানানো হয়। | পাঠদান কার্যক্রমকে আরো গতিশীল এবং বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম আরও জোরদার করণসহ দাপ্তরিক অন্যান্য কাজ সঠিক সময়ে সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ-৯ম শ্রেণির এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে এবং প্রতিষ্ঠানের পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। এছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন। | বিদ্যালয়ে পাঠদান কার্যক্রমকে আরো গতিশীল এবং মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | শি... ও সংশ্লিষ্ট |
| ১১. উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে,সামাজিক নিরাপত্তাবেষ্টনী কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে নগদ মোবাইল সার্ভিস এর মাধ্যমে হিসাব খোলা শুরু হয়েছে এবং প্রতিবন্ধী জরিপ সম্পন্ন করে সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ চলমান আছে, দপ্তরের ঋণ কার্যক্রম চলমান রয়েছে, ঋণ আদায়ের হার ৯৫% । এছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন। | প্রতিবন্ধী জরিপ সম্পন্ন করে সুবর্ণ নাগরিক কার্ড বিতরণ কার্যক্রমে সর্বোচ্চ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আশুগঞ্জ তাঁর দপ্তরের আগস্ট/২০২১ মাসের কার্যক্রম সভায় পেশ করেন। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় গৃহিত কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করা হয়। | ঋণ আদায়ে আরো কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

**১। ঋণ বিতরণ পরিমাণ :**

| প্রকল্পের নাম | মোট তহবিল প্রাপ্তি | বার্ষিক লক্ষ্যমাত্রা | মাসে অর্জন | বছরে অর্জন | ক্রমপুঞ্জি-ভূত অর্জন | হার % |
|---|---|---|---|---|---|---|
| আবর্তক | ২০.০০ | ২০.৬৫ | -- | ১৪.৬৫ | ৫৯.৪৭ | ৭১% |
| পল্লী প্রগতি প্রকল্প | ২৮.২৫ | ১০.০০ | -- | -- | ৭৮.১৯ | - |
| বীরমুক্তিযোদ্ধা প্রকল্প | ৫.৯০ | ৪.০০ | -- | ১.৩০ | ১৭.১৫ | ৩৩% |
| পদাবিক | ৬০.০০ | ৩৫.০০ | -- | ১১.৮০ | ৩৬৪.৮৯ | ৩৪% |
| মোট | ১১৪.১৫ | ৬৯.৬৫ | -- | ২৭.৭৫ | ৫১৯.৭০ | ৪০% |

**২। ঋণ আদায় ও মাঠে বকেয়া পরিমাণ :**

| প্রকল্পের নাম | বার্ষিক লক্ষ্যমাত্র | মাসে অর্জন | বছরে অর্জন | ক্রমপুঞ্জি -ভূত অর্জন | চলতি ঋণ | খেলাপী ঋণ | মোট | হার % |
|---|---|---|---|---|---|---|---|---|
| আবর্তক | ১০.৫০ | ১.৩২ | ৪.২২ | ৩৯.০৮ | ১.৮৯ | -- | ১.৮৯ | ৪০% |
| পল্লী প্রগতি প্রকল্প | ২৩.৭১ | ০.০৩ | ০.০৬ | ৫৪.৫৪ | -- | ২৩.৬৫ | ২৩.৬৫ | ০.২৫% |
| বীরমুক্তিযোদ্ধা প্রকল্প | ৩.০০ | ০.১৮ | ০.৫৬ | ১৩.১৬ | ১.৪০ | ০.৪৯ | ১.৮৯ | ১৯% |
| পদাবিক | ৩২.৭৫ | ২.২০ | ১০.২০ | ৩১৯.৮৩ | ১১.৯১ | ১৬.২৮ | ২৮.১৯ | ৫১% |
| মোট | ৬৯.৯৬ | ৩.৭৩ | ১৫.০ | ৪২৬.৬১ | ১৫.২ | ৪০.৪২ | ৫৫.৬২ | ২২% |

| | | | |
|---|---|---|---|
| | খ) বিভাগীয় সমিতির ধার্য ২০৮৫০/=টাকা<br>" " আদায় ২০৮৫০/=টাকা<br>নিবন্ধিত সমবায় সমিতি গুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। সমবায় সমিতি নিবন্ধনের ধারা অব্যাহত আছে। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক বলে সভাকে অবহিত করেন। | | |
| ১৬. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে, ২০২-২১ অর্থ বছরে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ইউনিয়নভিত্তিক বিভাজিত হয়ে ২০৮টি গভীর তারা নলকুপের বরাদ্দ পাওয়া গিয়াছে। সাইট নির্ধারণে ওয়াটসন কমিটি এবং মাননীয় সংসদ সদস্য কর্তৃক পূর্বের ন্যায় নির্ধারিত হবে। এছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যাবলী স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি জানান। | আর্সেনিক ঝুঁকি নিরসন সরবরাহ প্রকল্পের আওতায় উন্নয়নের সুবিধার্থে ইউনিয়ন ওয়াটসন কমিটি ও উপজেলা ওয়াটসন কমিটি এবং মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক দ্রুত সাইট নির্ধারণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| বিবিধ-০১ | উপজেলা পরিসংখ্যান ও উপজেলা আনছার ভিডিপি অফিসার আশুগঞ্জ তাঁদের দপ্তরে ব্যবহারের জন্য ২টি বৈদ্যুতিক পাখা ক্রয় পূবক মং ৭২০০/- (সাতহাজার)টাকা মাত্র পরিশোধের জন্য বিল ভাউচার সহ আবেদন করেন ।সভায় আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মং ৭২০০/- (সাতহাজার)টাকা মাত্র পরিশোধের জন সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে উল্লেখিত বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

সভাপতি ২০২১-২২ সালের আর্থিক সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচিসহ যাবতীয় উন্নয়ন প্রকল্প সমূহ জনগুরুত্বপূর্ণ চিহ্নিত করনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জ্ঞাপনপূর্বক বক্তব্য রাখেন। তিনি আশুগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নে সর্বস্তরের মানুষের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

পরিশেষে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হানিফ মুন্সি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

**স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০০.০৭.০০৩.২১-৯৯৩(৫০)** **তারিখঃ ২৯/০৯/২০২১খ্রি.**

অনুলিপি : সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১. মাননীয় সংসদ সদস্য-২৪৪, ব্রাহ্মণবাড়িয়া-২।
০২. মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩১২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৬. জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
০৯. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
১০. উপজেলা ........................................................ কর্মকর্তা, আশুগঞ্জ।
১১. চেয়ারম্যান, আশুগঞ্জ সদর / চরচারতলা /দুর্গাপুর / তালশহর (পশ্চিম)/ আড়াইসিধা/ শরীফপুর/ লালপুর ও তারুয়া ইউনিয়ন পরিষদ।
১২. সংরক্ষণ নথি।

(অরবিন্দ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।